

## সাজেশন ১ প্রশ্ন-৩: কাঠামোবদ্ধ উত্তর প্রশ্ন

ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও :

$$৫ \times ৭ = ৩৫$$

[কাঠামোবদ্ধ উত্তর প্রশ্ন ১০টি থাকবে তার মধ্যে ৭টির উত্তর লিখতে হবে। প্রথম ৮টি প্রশ্ন থাকবে যোগ্যতাভিত্তিক। এর মধ্যে ৬টির উত্তর দিতে হবে। শেষ ২টি প্রশ্ন থাকবে গতানুগতিক। এর মধ্যে ১টির উত্তর দিতে হবে।]

### প্রথম অধ্যায়: গৌতম বুদ্ধ

▶ যোগ্যতাভিত্তিক কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ক. একটি শিশু ভূমিষ্ঠ হয়েই সাত পা হেঁটে সামনে গেলেন। শিশুটি কে? সাত পায়ের নিচে কী ফুটল? শিশুটির ৩টি গুণ লেখ।

$$১+১+৩=৫$$

উত্তর: সিদ্ধার্থ গৌতম ভূমিষ্ঠ হয়ে সাত পা হেঁটে সামনে গেলেন।

সাত পায়ের নিচে সাতটি পদ্ম ফুটল।

শিশুটির তিনটি গুণ হলো—

১. তাঁর মাঝে চপলতা ছিল না।
২. তিনি সব সময় নির্জনে বসে ভাবতেন।
৩. নিরীহ প্রাণীর প্রতি তাঁর করুণা ছিল।

প্রশ্ন-খ. গৌতম বুদ্ধ হাঁসটিকে ছেড়ে দিলেন কেন? দুটি বাক্যে লেখ। একজন প্রব্রজিত হিসেবে সাধনায় সফল হওয়ার জন্য তোমার করণীয় তিনটি কাজ লেখ। [প্রা.শি.স.প. ২০১৬]

$$১+১+৩=৫$$

উত্তর: সিদ্ধার্থ গৌতম বিশ্বাস করতেন প্রাণহরণকারীর চেয়ে প্রাণরক্ষাকারীর অধিকার বেশি। তাই তিনি হাঁসটিকে শিকারীর হাতে না দিয়ে, সেটিকে সুস্থ করে আকাশে উড়িয়ে দিয়েছিলেন।

একজন প্রব্রজিত হিসেবে সাধনায় সফল হবার জন্য আমি—

বুদ্ধ নির্দেশিত মধ্যম পন্থা অবলম্বন করব। কারণ আত্মপীড়ন এবং অতি ভোগ-বিলাস সাধনপথের অন্তরায়। আর এজন্য অতিভোগ-বিলাসের সংসার জীবন ত্যাগের মাধ্যমে শ্রামণ্য জীবন যাপন করবো।

প্রশ্ন-গ. সাধন পথের অন্তরায় কী? সিদ্ধার্থ গৌতমের গৃহত্যাগ করার দুইটি কারণ লেখ। বুদ্ধের অন্তিম বাণী অবলম্বনে জীবনযাপনের ক্ষেত্রে তোমার করণীয় কী? সে সম্পর্কে দুইটি বাক্য লেখ। [প্রা.শি.স.প. ২০১৫]

$$১+২+২=৫$$

উত্তর: আত্মপীড়ন এবং অতি ভোগ-বিলাস সাধনপথের অন্তরায়। সিদ্ধার্থ গৌতম মানব মুক্তির জন্য সাধনা করতে সিদ্ধান্ত নেন। তাই তিনি অতিভোগ-বিলাসের রাজকীয় জীবন বা সংসারে ত্যাগের সিদ্ধান্ত নেন। বুদ্ধের অন্তিম বাণী হচ্ছে, বিভিন্ন উপকরণ দ্বারা বুদ্ধের পূজা না করে তার উপদেশ সঠিকভাবে নিজ জীবনে আচরণ করে বুদ্ধের পূজা করা। আমি বুদ্ধের উপদেশ সঠিকভাবে মেনে চলে জীবন গঠনের মাধ্যমে বুদ্ধকে পূজা করব।

প্রশ্ন-ঘ. তোমার ধর্মের প্রবর্তক সাধনার জন্য গৃহত্যাগ করেন। কোন তিথিতে তিনি গৃহত্যাগ করেন? গৃহত্যাগের পূর্ব মূহুর্তে তিনি কী করলেন? ১+৪=৫

উত্তর: আষাঢ়ী পূর্ণিমা তিথিতে সিদ্ধার্থ গৌতম গৃহত্যাগ করেন।

সিদ্ধার্থ গৌতম সারথি ছন্দককে কন্থক নামক অশ্ব সাজিয়ে আনতে আদেশ দেন। তখন সিদ্ধার্থ গৌতম যশোধরার শয়ন কক্ষে প্রবেশ করলেন। নবজাত শিশুকে এক পলক দর্শন করে তিনি গৃহত্যাগ করলেন।

### ▶ সাধারণ কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ঙ. কপিলাবস্তু কোথায় অবস্থিত? কেন কপিলাবস্তুর রাজা পুত্রের নাম সিদ্ধার্থ রাখেন তা ৪টি বাক্যে লেখ। ১+৪=৫

উত্তর: কপিলাবস্তু হিমালয়ের পাদদেশে অবস্থিত।

কপিলাবস্তুর রাজা ছিলেন রাজা শূন্থোদন। তাঁর স্ত্রী রানি মহামায়া এক বৈশাখী পূর্ণিমার দিন বাপের বাড়ি দেবদহ যাওয়ার সময় লুম্বিনী উদ্যানে উপস্থিত হলেন। এমন সময় রানি এক পুত্র সন্তান প্রসব করেন। বহুদিন পর রাজা-রানির মনোবাসনা সিদ্ধ হওয়ায় নবজাত পুত্রের নাম রাখা হয় সিদ্ধার্থ।

প্রশ্ন-চ. সিদ্ধার্থের ধ্যান ভঙ্গ করার জন্য পাপমতি মারের চেষ্টা পাঁচটি বাক্যে লিখ। ৫

উত্তর: সিদ্ধার্থের ধ্যান ভঙ্গের জন্য পাপমতি মার—

১. ভীষণ আকৃতি নিয়ে সামনে আসল।
২. সহস্র অস্ত্র হাতে নিয়ে আক্রমণ করল।
৩. সিদ্ধার্থকে লক্ষ্য করে উত্তপ্ত শিলা বৃষ্টি বর্ষণ করল।
৪. মারের যুবতী কন্যারা ধ্যান ভঙ্গের চেষ্টা করল।
৫. সব চেষ্টা ব্যর্থ হলে মার সিদ্ধার্থের সামনে থেকে চলে গেল।

প্রশ্ন-ছ. পাঁচটি বাক্যে সুজাতার পায়সান্ন দানের বিবরণ দাও।

উত্তর: সিদ্ধার্থ গৌতম অনাহারে থাকতে থাকতে দুর্বল হয়ে পড়লেন। দুর্বল দেহ নিয়ে তিনি সেনানী নামক গ্রামে একটি বিশাল অশ্বখ বৃক্ষের গোড়ায় আসন পেতে বসলেন। এমন সময় সেনানী গ্রামের কুলবধু সুজাতা স্বর্ণ থালায় পায়সান্ন নিয়ে সিদ্ধার্থ গৌতমের হাতে তুলে দিল। সিদ্ধার্থ গৌতম পায়সান্ন আহার করলেন। এরপর তিনি নৈরঞ্জনা নদীতে স্নান শেষে উরুবিল্ল গ্রামে গমন করেন।